# বাংলা 'ক' পাঠক্রম

## একাদশ শ্রেণী

| | | |
|---|---|---|
| গল্প + প্রবন্ধ | - | ২০ (১০+১০) |
| কবিতা | - | ২০ |
| ভাষা | - | ১০ |
| আন্তর্জাতিক গল্প ও ভারতীয় কবিতা | - | ১০ (৫+৫) |
| পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ | - | ১০ |
| বাংলা শিল্প,সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস | - | ১০ |
| প্রকল্প | - | ২০ (১৫+৫) |
| মোট নম্বর | - | ১০০ |

### গল্প

রবীন্দ্রনাথ ঠাকুর : কর্তার ভূত

প্রেমেন্দ্র মিত্র : তেলেনাপোতা আবিষ্কার

সতীনাথ ভাদুড়ী : ডাকাতের মা

### প্রবন্ধ

স্বামী বিবেকানন্দ : হাঙর শিকার

সত্যেন্দ্রনাথ বসু : গ্যালিলিও

### আন্তর্জাতিক গল্প

গাবরিয়েল গারমিয়া মার্কেজ : বিশাল ডানাওয়ালা এক থুত্থুরে বুড়ো

(অনু: মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়)

### কবিতা

মাইকেল মধুসূদন দত্ত : বীরাঙ্গনা(নীলধ্বজের প্রতি জনা)

লালন ফকির : বাড়ির কাছে আরশিনগর

কাজী নজরুল ইসলাম : দ্বীপান্তরের বন্দিনী

জয় গোস্বামী : নুন

### ভারতীয় কবিতা

আইয়াপ্পা পানিকর : শিক্ষার সার্কাস

### পূর্ণাঙ্গ গ্রন্থ

রবীন্দ্রনাথ ঠাকুর : গুরু

# বাংলা শিল্প, সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস

*[পর্ব - ১ এবং পর্ব - ২]*

***পর্ব - ১*** - বাঙালির নৃতাত্ত্বিক পরিচয়

***পব - ২*** - বাংলা সাহিত্যের কথা

২.১ প্রাচীন বাংলা : সমাজ ও সাহিত্য

২.২ মধ্যযুগের বাংলা সমাজ ও সাহিত্যের প্রধান ধারা, শ্রীকৃষ্ণকীর্তন, বৈষ্ণব পদাবলী, চৈতন্য ও চৈতন্য জীবনী, মঙ্গল কাব্য, অনুবাদ, ইসলামীয় ধারা, শাক্ত পদাবলী।

২.৩ উপনিবেশিক বাংলার সামাজিক ও ধর্মীয় আন্দোলন, শিক্ষা সংস্কার, গদ্যের উদ্ভব, কবিতা, উপন্যাস ও ছোটগল্প, নাটক যাত্রা ও নাট্যমঞ্চ, প্রবন্ধ(সত্তর দশক পর্যন্ত)

২.৪ লৌকিক সাহিত্য : ছড়া, ধাঁধা, প্রবাদ, কথা

## ভাষা

- বিশ্বের ভাষা ও পরিবার
- ✓ বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ
- ✓ ভারতে প্রচলিত ভাষা পরিবার
- ✓ প্রাচীন লিপি ও বাংলা লিপির উদ্ভব ও বিকাশ
- ✓ বাংলা ভাষাবৈচিত্র্য

## প্রকল্প

[প্রদত্ত প্রকল্পের মধ্যে যে কোন একটি]

১. **সটীক অনুবাদ**

মূল ভাষা থেকে অনুবাদ করতে হবে। ১০০০-৩০০০ শব্দের মধ্যে। সময়সীমা-৬মাস। অনুবাদ করা যাবে (ক)প্রবন্ধ, (খ)চিঠি, (গ)সাক্ষাৎকার, (ঘ)ঐতিহাসিক নথি, (ঙ)গল্প এবং (চ)নাটক। [লেখক এবং লেখা সম্পর্কে টীকাসহ অনুবাদটি করতে হবে]

২. **সাক্ষাৎকার গ্রহণ**

লোকায়ত আঙ্গিক/সাহিত্য/রাজনীতি/ক্রীড়া/নাচ/গান/কলা ক্ষেত্রের যে কোনো বিখ্যাত ব্যক্তিত্বের (অন্তত জেলাস্তরের পরিচিতি থাকতে হবে) সাক্ষাৎকার নিতে হবে। অন্তত ২০টি প্রাসঙ্গিক প্রশ্ন।

৩. **প্রতিবেদন রচনা**

ছ'মাসের দৈনিক সংবাদপত্রের খেলার পাতার কাটিং সংগ্রহ এবং তার ভিত্তিতে নিজের দেশ বা রাজ্যের ক্রীড়াক্ষেত্রে উত্থান-পতন বিশ্লেষণ করে অবস্থান মূল্যায়ন করে প্রতিবেদন লিখতে হবে। ন্যূনতম শব্দসংখ্যা - ১০০০।

৪. **স্বরচিত গল্পলিখন**

বিদ্যালয় জীবনের কোনো ঘটনাকে কেন্দ্র করে (মৌলিক) এক বা একাধিক স্বরচিত গল্প লিখতে হবে।

## বিভাগ - খ

- একটি অনুচ্ছেদ দেওয়া হবে। তার থেকৈ বিরাম চিহ্ন, প্রুফ সম্পাদনা, অনুচ্ছেদ বিভাজন, বানান, শিরোনাম - এই বিষয়গুলি সংশোধন নির্ণয় করতে হবে এমন একটি অভীক্ষাপত্রে শিক্ষার্থী পরীক্ষা দেবে।

- এই অভীক্ষাপত্র এবং অনুশীলনের নমুন ‘বিবিধ’ বইটিতে থাকবে।

## বাংলা ‘ক’ পাঠক্রম

### দ্বাদশ শ্রেণী

| | | |
|---|---|---|
| গল্প | - | ১০ |
| কবিতা | - | ১০ |
| আন্তর্জাতিক কবিতা + ভারতীয় গল্প | - | ১০ (৫+৫) |
| নাটক | - | ১০ |
| পূর্ণাঙ্গ সহায়ক গ্রন্থ | - | ১০ |
| বাংলা সাহিত্য, শিল্প ও সংস্কৃতির ইতিহাস | - | ১০ |
| ভাষা | - | ১০ |
| প্রবন্ধ | - | ১০ |
| প্রকল্প | - | ২০ |
| মোট নম্বর | - | ১০০ |

### গল্প

মানিক বন্দ্যোপাধ্যায় : কে বাঁচায়, কে বাঁচে
মহাশ্বেতা দেবী : ভাত
সৈয়দ মুস্তাফা সিরাজ : ভারতবর্ষ

### ভারতীয় গল্প

কর্তার সিংহ দুগ্গাল : অলৌকিক

### কবিতা

রবীন্দ্রনাথ ঠাকুর : রূপনারানের কূলে
জীবনানন্দ দাশ : শিকার
সমর সেন : মহুয়ার দেশ
শক্তি চট্টোপাধ্যায় : আমি দেখি
মৃদুল দাশগুপ্ত : ক্রন্দনরতা জননীর পাশে

### আর্ন্তজাতিক কবিতা

ব্রেটল্ট ব্রেখট : পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন
(অনু : শঙ্খ ঘোষ)

## পূর্ণাঙ্গ গ্রন্থ

সুভাষ মুখোপাধ্যায় : আমার বাংলা

## নাটক

শম্ভু মিত্র : বিভাব

অজিতেশ বন্দ্যোপাধ্যায় : নানা রঙের দিক

## বাংলা সাহিত্য, শিল্প ও সংস্কৃতির ইতিহাস

পর্ব - ৩ থেকে পর্ব - ৬

***পর্ব - ৩ -*** বাংলা গান ও চিত্রকলা

***পর্ব - ৪ -*** বাংলা সিনেমা

***পর্ব - ৫ -*** বাঙালির বিজ্ঞানচর্চা

***পর্ব - ৬ -*** বাঙালির ক্রীড়াসংস্কৃতি
প্রাক্-ঔপনিবেশিক, উপনিবেশিক ও স্বাধীনতা-উত্তর
(ঘরোয়া ও বাইরের খেলা, সার্কাস, ম্যাজিক, মাদারি ইত্যাদি)

## ভাষা

- ধ্বনিতত্ত্ব : বাগযন্ত্র, ধ্বনি, স্বর ও ব্যঞ্জন, যুক্ত ব্যঞ্জন, ধ্বনি পরিবর্তনের কারণ
- রূপতত্ত্ব : বাংলা শব্দের গঠন
- বাক্যতত্ত্ব : বাংলা বাক্যের পদক্রম, বাক্য বিশ্লেষণ
- শব্দভাণ্ডার
- শব্দার্থতত্ত্ব
- শৈলীবিজ্ঞানের গোড়ার কথা

## প্রবন্ধ রচনা

**১) নির্মিতি**

*প্রবন্ধ রচনা*

নির্মিতি অংশে একটি গুরুত্বপূর্ণ বিষয় প্রবন্ধ রচনা। বিগত বছরগুলোতে, এমনকি এখনও প্রবন্ধ রচনা বলতে আসলে বোঝায় স্মৃতিশক্তির পরীক্ষা। বিগত বছরের প্রশ্ন থেকে কয়েকটি বিষয় বেছে নিয়ে তার উত্তর লিখে দেন শিক্ষক-শিক্ষিকিরা - সেই সব বিষয় মুখস্থ করে পরীক্ষায় উগরে দেওয়াটাই যেন কৃতিত্বের। বিশেষজ্ঞ কমিটি এ বিষয়ে কয়েকটি সুপারিশ করতে চায় :

- রচনা লেখার বিষয়টি এই লাইনে না দিয়ে একটি মানস মানচিত্র এবং তথ্য সম্ভার দেওয়া হোক। পরীক্ষার্থীরা সেই মানচিত্র এবং প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে প্রবন্ধ রচনা করবে এবং শিরোনাম দেবে।
- একটি বক্তব্যের স্বপক্ষে বা বিপক্ষে একটি অনুচ্ছেদ দেওয়া থাকবে। পরীক্ষার্থীরা প্রদত্ত অনুচ্ছেদের স্বপক্ষে/বিপক্ষে তাদের বক্তব্য লিখবে।

- কোনো একটি বিষয়ে কোনো একজন লেখকের লেখার একটা অংশ দেওয়া থাকবে। প্রদত্ত এই অনুচ্ছেদটি হল মূল রচনার প্রস্তাবনা বা ভূমিকা। এই প্রস্তাবনা বা ভূমিকাটিকে অবলম্বন করে পরীক্ষার্থী বিষয়বস্তুর গভীরে প্রবেশ করবে এবং পরিণতি দান করবে।
- একটি পাত্রে কোনো একটি বিষয়ে নানা ধরনের সূত্র ও তথ্য দেওয়া থাকবে। সেগুলিকে ব্যবহার করে পরীক্ষার্থী রচনাটি গড়ে তুলবে।

## প্রকল্প (যে কোন একটি)

**২) সমীক্ষা পত্র**

ন্যূনতম ৫০টি নমুনার ভিত্তিতে তৈরি করতে হবে।

নিজের গ্রাম/পাড়া/অঞ্চলকে কেন্দ্র করে সাধারণ সমাজ ভিত্তিক সমীক্ষা নারী/পুরুষের হার, সাক্ষরতা, ধর্মসম্প্রদায়, খেলাধূলার প্রবণতা (Indoor, Outdoor, Football, Cricket, Hockey) প্রভৃতি। অন্যদিকে, আদিবাসী, জনজাতি, জনগোষ্ঠী, সম্প্রদায়ভিত্তিক বিবিধ সমীক্ষা।

নিজের বিদ্যালয় নিয়েও করা যাবে, আবার অন্যান্য প্রতিবেশী বিদ্যালয়কে অন্তর্ভুক্ত করা যেতে পারে। সমীক্ষা বিষয় হবে বিদ্যালয় সংশ্লিষ্ট কোনো তথ্য উদ্‌ঘাটন। হতে পারে বিদ্যালয় শিক্ষার্থীদের জাতিগত/সম্প্রদায় নক্‌শা, হতে পারে শিক্ষক-শিক্ষিকাদের বয়স, সারস্বত ক্রিয়াকর্ম, বিদ্যালয়ের ইতিহাস (মৌখিক সাক্ষাৎকার-সমীক্ষা), বিদ্যালয়ের শ্রেণিবিভাজন-শিক্ষার্থীসামর্থ্য প্রভৃতি।

**৩) গল্পের নাট্যরূপ**

ন্যূনতম শব্দসংখ্যা - ২০০০-৪০০০ [কোনো প্রথিতযশা লেখক/লেখিকার লেখা হতে হবে]।

**৪) গল্পের চিত্রনাট্য (Script)**

শব্দসংখ্যা - ২০০০-৪০০০ [কোনো প্রথিতযশা লেখক/লেখিকার লেখা থেকে তৈরি করতে হবে]।

**৫) গ্রন্থ সমালোচনা**

প্রথিতযশা কবি, গল্পকার, নাট্যকার ও প্রাবন্ধিকের কোনো ১টি পূর্ণাঙ্গ বইয়ের সমালোচনা।
ন্যূনতম শব্দসংখ্যা - ১০০০।

**৬) নির্বাচিত রচনাকারের সাহিত্য-শৈলী বিচার**

বাংলা 'ক' ভাষার ছাত্র-ছাত্রীরা ইংরাজির পাঠক্রমে অন্তর্ভুক্ত কোনও একজন লেখকের (চারটি) গল্প বা (ছয়টি) কবিতার আলোচনা করে রচনার শৈলী বৈশিষ্ট্য ও অভিনবত্ব সম্পর্কে একটি মৌলিক প্রবন্ধ লিখবে। (৫০০-১০০০ শব্দ)

বাংলা 'খ' ভাষার ছাত্র-ছাত্রীরা বাংলার পাঠক্রমে অন্তর্ভুক্ত কোনও একজন লেখকের (চারটি) গল্প বা (ছয়টি) কবিতার আলোচনা করে তাঁর শৈলী, বৈশিষ্ট্য ও অভিনবত্ব সম্পর্কে একটি মৌলিক প্রবন্ধ লিখবে। (৫০০-১০০০ শব্দ)

**৭) নির্দিষ্ট ঐতিহাসিক কালপর্বে সাহিত্য সংস্কৃতির বিকাশ ও বিবর্তনের তথ্যানুসন্ধান**

সাহিত্য সংস্কৃতির ইতিহাস থেকে ঊনবিংশ বা বিংশ শতকের বাংলার কোনও একটি কাল-পর্বকে কেন্দ্র করে (১)ভাষা, (২)খাদ্যাভ্যাস, (৩)পোশাক, (৪)গৃহনির্মাণ, (৫)সংগীত, (৬)নাটক, (৭)চলচ্চিত্র, (৮)চিত্রকলা ও ভাস্কর্য, (৯)খেলাধূলা - এইসব বিষয়ের যে কোনও একটির বিকাশ, বিবর্তন ও বৈশিষ্ট্যের তথ্যসত অনুসন্ধান ও আলোচনা।

**৮) নির্বাচিত সাহিত্য-সৃষ্ট চরিত্রের জীবনীনির্মাণ**

ফেলুদা/ঘনাদা/টেনিদা/শঙ্কু/সদাশিব/ঋজুদা/পাগলা দাশু/ব্যা/গোগোল/কাকাবাবু/কিকিরা/হাঁদা ভোঁদা বা নন্টে-ফন্টে/হর্ষবর্ধন-গোবর্ধন

**৯) নির্বাচিত সাহিত্যিকের সাহিত্য-অবদান সম্পর্কিত প্রকল্প নির্মাণ**

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, সুকুমার রায়, অবনীন্দ্রনাথ ঠাকুর, প্রেমেন্দ্র মিত্র, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, লীলা মজুমদার, নারায়ণ গঙ্গোপাধ্যায়, শিবরাম চক্রবর্তী, সত্যজিৎ রায়, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, হিমানীশ গোস্বামী, নারায়ণ দেবনাথ, শৈলেন ঘোষ -
উল্লিখিত লেখদের মধ্যে থেকে যে কোনও একজনের বাংলা সাহিত্যে অবদান ও অপরিহার্যতা প্রতিপন্ন করে প্রকল্প নির্মাণ (ন্যূনতম : ২০০০ শব্দ)

**বিভাগ - খ**

- একটি অনুচ্ছেদ দেওয়া হবে। তার থেকে বিরাম চিহ্ন, প্রুফ সম্পাদনা, অনুচ্ছেদ বিভাজন, বানান, শিরোনাম - এই বিষয়গুলি সংশোধন নির্ণয় করতে হবে এমন একটি অভীক্ষাপত্রে শিক্ষার্থী পরীক্ষা দেবে।
- এই অভীক্ষাপত্র এবং অনুশীলনের নমুন 'বিবিধ' বইটিতে থাকবে।